# উপজেলা পরিষদ
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ **জনাব মোঃ নূরুল ইসলাম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট

সভার স্থান ঃ উপজেলা হলরুম, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভার তারিখ ও সময় ঃ ২৬-০৮-২০২১ খ্রি. বিকাল: ৩.৩০ টা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট- 'ক'।

অদ্যকার সভার সভাপতি সভায় উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন।

**আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপঃ**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, বিগত জুন ২০২১ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় | উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, বিগত জুন ২০২১ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে কোন আপত্তি/সংশোধন নেই। |
| ০২ | উপজেলার কমিটিসমূহের সুপারিশ | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা আহ্বানের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পরিষদে গঠিত স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা অনুষ্ঠান ও সভার কার্যবিবরণী যথানিয়মে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো | সভাপতি ও সদস্য সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি। |
| ০৩ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন ও পর্যালোচনা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বিভিন্ন দপ্তরে প্রেরিত সার্কুলার উপজেলা পরিষদ সভায় অবহিত করার বিষয়ে আলোচনা হয়। | বিভিন্ন দপ্তরে প্রেরিত মন্ত্রণালয়/বিভাগীয় সর্বশেষ সার্কুলার উপজেলা পরিষদের সভায় নিয়মিত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর। |
| ০৪ | স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি ড. ফারহানা সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে ভ্যাক্সিন প্রদান করা হচ্ছে। তিনি আরোও বলেন যারা এখনও ভ্যাক্সিন নেননি তারা অতি দ্রুত ভ্যাক্সিন নেয়ার জন্য অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আসা রোগীদের সঠিক সেবা প্রদানের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ে স্বাভাবিকভ কার্যক্রম অব্যাহত আছে। বর্তমানে পদ্ধতি গ্রহণকারী হার ৭৩.৬৯% তাছাড়া মাইজগাঁও UHFWC তে চলতি মাসে ৩টি স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, সরকারি ভর্তুকি মূল্যে (৭০%) কৃষি যন্ত্রপাতি আমন ২০২১-২০২২ মৌসুমের জন্য বিতরণ করা হবে। আগ্রহী কৃষক/ব্যক্তিদের উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৭ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার সভায় জানান স্বাস্থ্যবিধি মেনে মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |

চলমানপাতা -০২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান ২০২১-২০২২ অর্থ বছরে এ উপজেলায় পোনামাছ অবমুক্তি কার্যক্রমের জন্য ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। আগামী ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন করা হবে। উপজেলা মৎস্য দপ্তর, ফেঞ্চুগঞ্জ সিলেট কর্তৃক সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণসহ সহযোগিতা প্রদানের জন্য সকলকে অনুরোধ করা জানান। এছাড়া স্বাস্থ্যবিধি দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সঠিকভাবে পোনামাছ অবমুক্ত করণ এবং ২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. মৎস্য সপ্তাহ পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৯ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থপনা অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত কাজের চূড়ান্ত রিপোর্ট সম্পাদনের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ২০২০-২১ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থপনা অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত কাজের রিপোর্ট দুর্যোগ ব্যবস্থপনা অধিদপ্তরে দ্রুত প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান যে, ক) ২০২০-২১ অর্থ চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে আবাসন নির্মাণ বাবদ ১২,০০,০০০/- (বারো লক্ষ) টাকা পাওয়া গিয়েছিল তা আবাসনে নির্মাণে ব্যয় করা হয়েছে এবং শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। খ) ২০২১-২২ অর্থ বছরে জটিল রোগীদের জন্য আর্থিক বরাদ্দ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। গ) চা শ্রমিকদের জীবনমান উন্নয়নে এককালীন অনুদান বাবদ ২৪,৯৫০০০/-(চব্বিশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১১ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, আগামী ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে স্কুল প্রতিষ্ঠানগুলো খোলা হবে। সকল স্কুল প্রতিষ্ঠান পরিস্কার পরিচ্ছন্নতা রাখার জন্য স্কুলের প্রধান শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার নিয়মিত তদারকি করে আসছেন। স্কুল প্রতিষ্ঠানগুলো প্রস্তুত রয়েছে। সকলকে স্বাস্থ্যবিধি মেনে স্কুলে আসার জন্য অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৩ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসারের প্রতিনিধি সভাকে জানান যে, দপ্তরের ঋণ কার্যক্রমের বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরেনঃ<br>১। মূল ঋণ তহবিল ২৬৬৮৮০০/-টাকা,<br>২। মোট ঋণ তহবিল ৫০৬০৯৪০/৯৬ টাকা,<br>৩। মোট ঋণ বিতরণ ২১১২৫০০০/- ৪। আদায়যোগ্য ১৯৯৫৫০৪৮/-<br>৫। মোট ঋণ আদায় কৃত ১৬৭৭১৫৭২/-, ৬। মোট ঋণ খেলাপী ১৯৭৩৮৫০/-,<br>৭। মোট কিস্তি খেলাপী ১২০৯৬২৬/-, ৮। আদায়ের হার ৮৪.০৪% ৯। মোট ঋণ সংখ্যা ৮১২টি, ১০। মোট ঋণীর সংখ্যা বর্তমানে ২৪৫ জন, ১১। মোট প্রশিক্ষণ প্রাপ্ত ৭৭৮৭ জন, ১২। মোট আত্নকর্মী ৪২৫২ জন, ১৩। ব্যাংক স্থিতি ৭০৭৯৩৪/৭৪ তিনি আরোও জানান যে, যুব প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৪ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, বন্যাসংক্রান্তদের জন্য পানি বিশুদ্ধকরণ ২০ হাজার ট্যাবলেট এবং ৫০কেজি ব্লিচিং পাউডার রয়েছে। এছাড়া করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৫ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। অনলাইন ক্লাসের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠাদান করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

চলমানপাতা -০৩

<table>
<tr>
<td>১৬</td>
<td>উপজেলা প্রকৌশলী বিভাগ</td>
<td>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে গ্রহণকৃত স্কীমসমূহ বন্যার পানিতে নিমজ্জিত হওয়ায় উক্ত কাজগুলো বাস্তবায়ন করা যায়নি। যেহেতু উপজেলার নিজস্ব তহবিল হতে বাস্তবায়ন হচ্ছে সেহেতু তামাদি হওয়ার সম্ভবনা নেই বিধায় ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল হতে গ্রহণকৃত স্কীমসমূহ চলতি ২০২১-২০২২ অর্থ বছরের মধ্যে বাস্তবায়নে জন্য সভায় উত্থাপন করেন। এছাড়া তিনি আরোও জানান যে,
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কাজের নাম</th><th>তহবিলের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উন্নয়ন সহায়তা সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ উপজেলার করোনা ভাইরাস প্রতিরোধে কার্যক্রম (মাস্ক, হ্যান্ড স্যানেটাইজার, এন্টিসেপ্টিক সাবান বিনামূলে বিতরণ)</td><td>এডিপি (করোনা বরাদ্দ)</td><td>৩,৩৬,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের কোয়াটারে প্রবেশ মুখে গেইট স্থাপন ও উপজেলা শ্যামলি কোয়ার্টারের পাশে গেইট স্থাপন। প্রকল্প সভাপতিঃ ১। মোঃ ফারুক মিয়া, ইউপি সদস্য, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, উক্ত প্রকল্প কমিটির সকল সদস্যের নাম ২। শাকিল আহমদ, সেক্রেটারী, ৩। সুজন আহমদ, সদস্য, ৪। আতিকুর রহমান, সদস্য ৫। আব্দুল বাছিত স্বপন, সদস্য ৬। আহাদ আলী, সদস্য ৭। মোস্তফা মিয়া, সদস্য</td><td>উপজেলা রাজস্ব</td><td>১,৭০,০০০/-</td></tr>
</table>
</td>
<td>সভায় আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা নিজস্ব উন্নয়ন তহবিল হতে গ্রহণকৃত স্কীমসমূহ ২০২১-২০২২ অর্থ বছরের নভেম্বর/২১ এর মধ্যে স্কীমসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং ক্রমিক নং ০১ RFQ e-GP OTM অনলাইন দরপত্রের মাধ্যমে মাধ্যমে বাস্তবায় ও ক্রমিক নং ২ পিআইসি কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ,<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী ফেঞ্চুগঞ্জ, সিলেট।</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>বিআর ডিবি বিভাগ</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত না থাকায় আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>উপজেলা সমবায় অফিসার সভায় জানান করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে দপ্তরের কার্যক্রম চলছে।</td>
<td>দাপ্তরিক চলমান কার্যক্রম গতিশীল করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা সমবায় অফিসার</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>বন বিভাগ</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা ভারপ্রাপ্ত নার্সারী কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>২০</td>
<td>আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>উপজেলা সমন্বয়কারী সভায় জানান আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক</td>
</tr>
<tr>
<td>২১</td>
<td>খাদ্য বিভাগ</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা হয়নি।</td>
<td>সভায় নিয়িমিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফেঞ্চুগঞ্জ, সিলেট</td>
</tr>
<tr>
<td>২২</td>
<td>পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা তার দপ্তরের ডিসেম্বর ২০২০ মাসের বিভিন্ন ঋণ বিতরণ কার্যক্রম নিম্নে উপস্থাপন করা হলোঃ<br>১। ক্ষুদ্র ঋণ বিতরণ ৮,৭১,০০/- ২। সেলফ ঋণ আদায় ৫,৭২,৬৫০/-<br>৩। নারী উদ্দ্যোক্তা ঋণ ৯২,৭৪০/- ৪। সেলফ ঋণ বিতরণ ৩,০০,০০০/-<br>৫। সকল সঞ্চয় আমাতন ৯৬,৬৫,২৫৩০/- ৬। ক্ষুদ্র সদস্য ১,২৫০জন<br>৭। সেলফ সদস্য ১১১ জন ৮। নারী উদ্দ্যোক্তা সদস্য ৮৫ জন<br>৯। আদায় হার ৭৫%<br>স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে সকল কাজ করা হচ্ছে এবং সদ্যদের মাঝে মাস্ক ও সেনিটাইজার ও সাবান বিতরণ করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, ফেঞ্চুগঞ্জ, সিলেট</td>
</tr>
<tr>
<td>২৩</td>
<td>বিবিধ-০১</td>
<td><u>সাবেক চেয়ারম্যান জনাব সাইফুল্লাহ আল হোসাইন বকেয়া সম্মানী ভাতা সক্রান্তঃ</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ১২ আগস্ট ২০২১খ্রি, তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০৫৩.২১.১৩ এর মাধ্যমে জনাব সাইফুল্লাহ আল হোসাইন সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট-কে গত ১০/০৪/২০১৬ তারিখে ৪৬.০৪৬.০২৭.০৮.৯০.০৯৩.২০১৬.৪৩৩ নাং স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশের প্রেক্ষিতে তিনি মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন (রিট পিটিশন নং-১২০৩৩/২০১৬) দায়ের করলে মাননীয় হাইকোর্ট বিভাগ রুল নিশি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্ধিত করেন। গত ১৭/০৮/২০১৭ তারিখে তিনি ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের চেয়রাম্যান হিসেবে পুনরায় যোগদান করে ১৮/০৮/২০১৯ তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেন। গত ২৯/১০/২০২০ তারিখে মাননীয় হাইকোর্ট বিভাগ উক্ত ১২০৩৩/২০১৬ নং মামলার চূড়ান্ত রায় প্রদান করেন। উক্ত রায়ে তাকে বকেয়া সম্মানী ভাতা প্রদানের জন্য আদেশ প্রদান করা হয়। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাননীয় হাইকোর্ট বিভাগের আদেশের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। আলোচনান্তে বকেয়া সম্মানী ভাতা প্রদোনের জন্য সবাই একতমত পোষন করেন।</td>
<td>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর নির্দেশনা এবং সভার আলোচনান্তে জনাব সাইফুল্লাহ আল হোসাইন, সাবেক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট এর বকেয়া সম্মানী ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে রাজস্ব তহবিলের অর্থ প্রাপ্তি সাপেক্ষে সম্মানী ভাতা প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার ফেঞ্চুগঞ্জ, সিলেট।</td>
</tr>
</table>

চলমানপাতা -০৪

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-০২ | <u>উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী সংক্রান্তঃ</u> গত ১২ আগস্ট ২০২১খ্রি, তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.০২০.০১০.২০২০.৫১২ এর মাধ্যমে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | জুলাই ২০২১ মাস হতে উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী খরচ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, |
| বিবিধ-০৩ | <u>২০১৮-২০১৯ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো মূলক উন্নয়ন উপপ্রকল্পের টেন্ডার জটিলা বিষয়ে সংক্রান্তঃ</u> অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ে ফেঞ্চুগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করনের জন্য অবকাঠামো উন্নয়নমূলক একটি উপ-প্রকল্প গ্রহন করা হয়েছিল। পিএমইউ এর সম্মতির ভিত্তিতে নির্দেশনা মোতাবেক গত ১০/০১/২০২১খ্রি. তারিখে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে ২টি ঠিকাদারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।<br>এন মোহাম্মদ প্লাস্টিক ইন্ডাস্ট্রি লি. এবং বেঙ্গল পলিমার ওয়ারস লি. তাদের দাখিলকৃত দর ছিল যথাক্রমে ২৯,১৪,০৫৭/-টাকা (৪০.২৬% নিম্নদর) এবং ২৪,৯৩,০১০/-টাকা (৪৮.৯০%নিম্ন দন)। বিধি মোতাবেক সর্বনিম্ন দরদাতা (যেহেতু এটা পণ্য) বেঙ্গল পলিমার ওয়ারস লি.-কে NOA দেয়ার সুপারিশ করে TEC (কারিগরী মূল্যায়ন কমিটি) তাদের প্রতিবেদন প্রস্তুত করেন এবং ফাইলের নোটসীটে তা লিপিবদ্ধ করেন। যেখানে স্বাক্ষর করেছিলেন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী।<br>উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশ মোতাবেক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ যাবতীয় কাগজপত্র-(এপিপি Goods হিসাবে আছে কিনা, সর্বনিম্ন দরপত্রদাতা নির্বাচন বিধি মোতাবেক করা হয়েছে কিনা) যাচাই-বাছাই করে দেখেন এবং সবকিছু সার্বিক আছে প্রতিয়মান হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার TEC প্রতিবেদন এবং ফাইল নোটে স্বাক্ষর করেন।<br>পরবর্তীতে উপজেলা প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী দরপত্রের কারগরি ত্রুটির কথা উল্লেখ করে পুনঃদরপত্র করতে হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করেন।<br>কিন্তু বিষয়টি চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অবগত না করে এবং অনুমতি না নিয়ে উপজেলা প্রকৌশলী পুনঃদরপত্র আহবান করেন, পুনঃদরপত্রে একমাত্র দরপত্রদাতা বেঙ্গল পলিমার ওয়ারস লিঃ দাখিলকৃত দর ৪৪,৪১,০৭৮/-টাকা (৮.৯৫% নিম্নদর) এবং প্রথমবার দাখিলকৃত দরের তুলনায় ১৯,৪৮,০৬৮/-টাকা বেশী। বেঙ্গল পলিমার ওয়ারস লিঃ কে NOA জারী করার সুপারিশ করে Hope এর অনুমোদনের জন্য e-GP তে প্রেরণ করা হয়।<br>নথি পর্যালোচনায় দেখা যায়, পূর্বের যাবতীয় কাগজপত্র পরিবর্তন করা হয়েছে এবং ফাইলের নোটসীট সরিয়ে ফেলা হয়েছে। বরাদ্দের রেফারেন্স দিয়ে ফাইল প্রস্তুত করা হয়েছিল প্রাক্কলন তৈরীর অনুমোদন পিএমইউ এবং নির্দেশনা মোতাবেক পুনঃপ্রাক্কলন প্রস্তুত ও অনুমোদন এপিপি অনুমোদন, ১ম টেন্ডারের TEC কমিটির সুপারিশ এর NOA জারীর সুপারিশ কোনকিছুই ফাইলে সংযুক্ত নেই। এমনকি প্রথমবার যে এপিপি Goods লিখা হয়েছিল এবং Goods হিসাবেই টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হয়েছিল তা পরিবর্তীত হয়ে Works লিখা ডকুমেন্ট ফাইলে রাখা হয়েছে। পাশাপাশি ঠিকাদারের কাজের যে যোগ্যতা চাওয়া হয়েছে তা প্রথমবারের চেয়ে ভিন্ন এতে অংশগ্রহণ করার যোগ্যতা একমাত্র বেঙ্গল পলিমার ওয়ারস লিঃ এরই আছে। যার ফলশ্রুতি একই পরিমাণ ও একই স্পেসিফিকেশনের পণ্যে একই প্রতিষ্ঠানবেঙ্গল পলিমার ওয়ারস লিঃ প্রথমবার দর দাখিল করেছে ২৪,৯৩,০১০/-টাকা এবং পরবর্তীতে দাখিল করেছে ৪৪,৪১,০৭৮/-টাকা। বিষয়টি চেয়ারম্যান, উপজেলা পরিষদের কাছে সন্দেহ দেখা দিলে বিষয়টি নিয়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেপুটি টিম লিডার ও উপজেলা নির্বাহী অফিসারের সংঙ্গে বিস্তারিত আলোচনা করেন এবং NOA জারী অনুমোদন স্থগিত রাখেন। পরবর্তীতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জের ই-জিপি আইডিও পাসওয়ার্ড হ্যাক করে উক্ত কাজের NOA জারী এর অনুমতি দেয়া হয়। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার এবং ডেপুটি টিম লিডার, ইউজিডিপিকে অবহিত করা হয় এবং প্রকল্পের ফাইলটি যাবতীয় কাগজপত্রসহ চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জের কাছে উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হয়। উপজেলা প্রকৌশলী বলেছেন ফাইল পাওয়া যাচ্ছে না। | সার্বিক বিচার বিবেচনায় উপজেলা পরিষদ মাসিক সভায় সিদ্ধান্ত গ্রহণ করেন যে, উক্ত কাজের দায়ভার উপজেলা পরিষদ নেবে না। তাই টেন্ডারটি বাতিল করা হলো।<br>পরবর্তী করনীয় হিসাবে সভায় এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করে। ফেঞ্চুগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করনের জন্য নতুন করে প্রাক্কলন তৈরী করে (রিকাস্ট) পিএমইউ এর সম্মতি সাপেক্ষে আহবান করতে হবে।<br>পিপিআর ও পিপিএ-এর বিধি মোতাবেক Goods এর ডকুমেন্ট তৈরী করে বিধি মোতাবেক নতুন টেন্ডার আহবান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পিপিআর ও পিপিএ-এর নিয়ম ও বিধি অনুযায়ী অভিজ্ঞতা ও অন্যান্য বিষয় সর্বনিম্ন উল্লেখ করে টেন্ডার আহবান করতে হবে। যাতে করে কোন একটি নির্দিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষে না হয় সেভাবে। নতুন টেন্ডার আহবান করতে হবে।<br><br>এ বিষয়ে গাফলতির জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উল্লেখ্য যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো মূলক উন্নয়ন উপপ্রকল্প আগামী অক্টোবর/২১ এর মধ্যে টেন্ডারে যাবতীয় কার্যক্রম সমাপ্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় নতুবা এর দায় দায়িত্ব উপজেলা প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ এর উপর বর্তাবে। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>ফেঞ্চুগঞ্জ, সিলেট। |
| বিবিধ-০৪ | <u>শ্যামলী কোয়াটার মেরামত সংক্রান্তঃ</u> অদ্যকার সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভাকে জানান যে, উপজেলা পরিষদের শ্যামলী কোয়াটার বাসা নং ২/এ, ২/বি, ২/সি ও ২/ডি এর বাসা মেরামত বাবদ টিউবওয়েল ও পানির মটর মেরামত ও মজুরি বাবদ ১৬,৩৯০/- (ষোল হাজার তিনশত নব্বই টাকা) বিল পরিশোধের জন্য জনাব মোঃ জাহাঙ্গির কবির, মাঠ সংগঠক, দারিদ্র বিমোচন অফিস আবেদন করেন। ২। নন গেজেটেড কোয়াটার এর বাসায় গ্যাসের চুলা ও বৈদ্যুতিক লাইন মেরামত ও মজুরি বিল বাবদ ৭,৮৪০/-(সাত হাজার আটশত চল্লিশ) টাকার বিল জনাব মোঃ মাছুম আহমদ আজাদ, জীপ গাড়ি চালক দাখিল করেছেন। উক্ত মেরামত কাজের বিল প্রদানে বিষয়ে সভায় আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে আবেদনকারীদের নামে বিল পরিশোধের নিমিত্তে চেক প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ফেঞ্চুগঞ্জ, সিলেট |

চলমানপাতা -০৫

পরিশিষ্ট 'ক'

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব মোঃ জাহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | জনাব মোঃ বদরুদ্দোজা, চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | জনাব সুফিয়ানুল করিম চৌধুরী, ২নং মাইজগাও ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | জনাব লেইছ চৌধুরী, চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা, ইউপি |
| ০৬ | জনাব এমরান উদ্দিন, চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ |

**সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | জনাব রাখী আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ এর প্রতিনিধি ডাঃ ফারহানা আক্তার |
| ০৩ | জনাব সুব্রত দেবনাথ, উপজেলা কৃষি অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | ডাঃ এ,কে,এম, মিজানুর রহমান, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৫ | ডাঃ ইউকে, সিনহা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৬ | জনাব মোঃ মোজাম্মেল হোসেন, উপজেলা প্রকৌশলী, ফেঞ্চুগঞ্জ |
| ০৭ | জনাব মোঃ আবু ছাইদ মিয়া, উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৮ | জনাব সৈয়দ নুরুল হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ০৯ | জনাব মোঃ শফিক উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ |
| ১০ | জনাব মোঃ আব্দুল মুমিন, উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১১ | জনাব ওমর ফারুক, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১২ | জনাব বাঁধন কান্তি সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৩ | জনাব আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম, উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৪ | জনাব আলী আক্তারুল হক চৌঃ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র, ফেঞ্চুগঞ্জ |
| ১৫ | জনাব মোঃ ইকবাল হোসেন, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৬ | জনাব নিজামুল হক, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ১৭ | জনাব শাহ্ মুহম্মদ লুটন, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফেঞ্চুগঞ্জ |

**অনুপস্থিত অফিসারের তালিকা ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবি |
|---|---|
| ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০২ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ফেঞ্চুগঞ্জ |
| ০৩ | মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ |
| ০৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ |

চলমানপাতা ০৭

স্মারক নং ঃ উপকা/ফেঞ্চু/২০২১- ৯৯৬

তারিখ ঃ ৩১-০৮-২০২১খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ।

০১. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, ২৩১, সিলেট-৩ ।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট ।
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
০৫. জেলা প্রশাসক, সিলেট ।
০৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট ।
০৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট ।
০৮. উপজেলা........................................... অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট ।
০৯. চেয়ারম্যান/ ফেঞ্চুগঞ্জ/মাইজগাঁও/ ঘিলাছড়া/ উত্তর কুশিয়ারা/ উত্তর ফেঞ্চুগঞ্জ ইউনিয়ন পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট ।
১০. জনাব ..........................................., সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট ।

Rakhi
৩১.৮.2021

রাখী আহমেদ
উপজেলা নিবাহী অফিসার
ফেঞ্চুগঞ্জ, সিলেট
০২৯৯-৬৬৪৬৭০২
০১৭৩০৩৩১০৩৪

উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসের সভার উপস্থিতির তালিকা

সভাপতিঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

তারিখঃ ২৬-০৮-২০২১ সময়ঃ বিকাল ৩:৩০টা

| ক্র:নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব রাখী আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০২ | জনাব মোঃ [illegible] ইসলাম | ভাইস চেয়ারম্যান | |
| ০৩ | জনাব মোঃ [illegible] | চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ, ইউপি | |
| ০৪ | জনাব [illegible] করিম চৌধুরী | চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি | |
| ০৫ | জনাব লেইছ চৌধুরী<br>মোঃ নুরুল [illegible] মিন্টু | চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি<br>প্যানেল চেয়ারম্যান | |
| ০৬ | জনাব আহমদ জিলু | চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি | |
| ০৭ | জনাব মোহাম্মদ এমরান উদ্দিন | চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি | |
| ০৮ | ডা: মোঃ কামরুজ্জামান<br>পক্ষে ডাঃ ফাবিহা নাওয়ার (Medical officer) | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব সুব্রত দেবনাথ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব এ, কে, এম মিজানুর রহমান, | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | ডাঃ ইউকে সিনহা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব মোঃ মোজাম্মেল হোসেন | উপজেলা প্রকৌশলী | 26/8/2021 |
| | জনাব মোঃ আবু ছাইদ মিয়া, | উপজেলা সমাজসেবা অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব সৈয়দ নুরুল হুদা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ | ২৬/০৮/২১ |
| | জনাব শফিক উদ্দিন | উপজেলা শিক্ষা অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব মোঃ আব্দুল মুমিন | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | মোনায়েম<br>২৬/০৮/২১ |
| | জনাব জেসমিন আক্তার | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | ~~জনাব ফখরুজ্জামান~~<br>মোঃ ওমর ফারুক | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব বাঁধন কান্তি সরকার | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব মোঃ আলী আক্তারুল হক চৌঃ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব লাকী রানী দে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেঞ্চুগঞ্জ | |
| | আব্দুল্লাহ মোঃ সাইদুর রহমান শামীম | উপজেলা সমবায় কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | জনাব ইকবাল হোসেন | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | ২৬/৮/২০২১ |
| | জনাব নিজামুলহক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ | |
| | শাহ মুহাম্মদ নূটন | ভারপ্রাপ্ত প্রোগ্রাম অফিসার | ২৬/৮/২১ |
| | | | |